



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম। Web : www.bise-ctg.gov.bd

স্মারক নং-চশিবো/পরী-উমা/কেন্দ্র /১১৮/২০১৫/৪০৯৬(১১৩)

তারিখ : ০২/০৮/২০২৩খ্রি:

এইচএসসি পরীক্ষা ২০২৩-এর ভারপ্রাপ্ত কর্মকর্তাদের সাথে মতবিনিময় সভা ও পরীক্ষা সামগ্রী বিতরণ সম্পর্কিত

বিজ্ঞপ্তি

উপর্যুক্ত বিষয়ে অত্রবোর্ডের আওতাধীন ২০২৩ সালের এইচএসসি পরীক্ষার ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে, এইচএসসি পরীক্ষা ২০২৩ সূচু ও সুশৃঙ্খল পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে ভারপ্রাপ্ত কর্মকর্তাদের সাথে মতবিনিময় সভা আগামী ১০/০৮/২০২৩ তারিখ, বৃহস্পতিবার, সকাল ১০.৩০ টায় (রেজিস্ট্রেশন শুরু হবে সকাল ৯.৩০টায়) বোর্ড ভবনের নবম তলায় সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। যথাসময়ে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, সূচু ও সুশৃঙ্খল পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে উক্ত মতবিনিময় সভায় ভারপ্রাপ্ত কর্মকর্তাদের উপস্থিতি একান্ত কাম্য তাই তাঁর পক্ষে কোন প্রতিনিধি না পাঠানোর অনুরোধ করা হলো।

খ) ২০২৩ সালের এইচএসসি পরীক্ষার উত্তরপত্র ও অন্যান্য পরীক্ষা সামগ্রী নিম্নলিখিত তারিখ অনুযায়ী বিতরণ করা হবে। ভারপ্রাপ্ত কর্মকর্তা বা তাঁর প্রাধিকারপ্রাপ্ত প্রতিনিধিকে অফিস চলাকালীন বর্ণিত তারিখে মালামাল গ্রহণ করার জন্য অনুরোধ করা হল।

ক্রমিক	জেলার নাম	তারিখ
১	চট্টগ্রাম উত্তর জেলা	০৮/০৮/২০২৩
২	চট্টগ্রাম দক্ষিণ জেলা	০৯/০৮/২০২৩
৩	কক্সবাজার, রাঙ্গামাটি, খাগড়াছড়ি বান্দরবান পার্বত্য জেলা ও সন্দ্বীপ উপজেলা	১০/০৮/২০২৩
৪	চট্টগ্রাম মহানগর	১২/০৮/২০২৩

উল্লেখ্য যে, কেন্দ্র নবায়ন ফি- ২০০০/- (দুই হাজার) টাকা এবং নতুন কেন্দ্র ফি ৩০০০/- (তিন হাজার) টাকা জমাদানের রশিদ মালামাল গ্রহণের সময় প্রদর্শন করতে হবে।

গ) এইচএসসি পরীক্ষা ২০২৩-এর পরীক্ষার্থীদের প্রবেশপত্র এবং স্বাক্ষরলিপি সংশ্লিষ্ট কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণের মোবাইলে প্রেরিত Username এবং Password ব্যবহার করে চট্টগ্রাম শিক্ষা বোর্ডের ওয়েবসাইট (www.bise-ctg.gov.bd) থেকে ১০ আগষ্ট, ২০২৩ তারিখ হতে সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, পরীক্ষার্থীদের প্রবেশপত্র A-4 সাইজের ন্যূনতম ১০০ গ্রাম অফসেট কাগজে (রঙ্গিন প্রিন্ট) এবং স্বাক্ষরলিপি লিগ্যাল সাইজের কাগজে প্রিন্ট দিতে হবে।

(প্রফেসর নারায়ন চন্দ্র নাথ)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

ফোন- ০২৩৩৩৩৩৬৭৬৪

Email : ce@bise-ctg.gov.bd

০২/০৮/২৩